

বাংলাদেশ দূতাবাস  
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

ব্যাংককে গণহত্যা দিবস পালন

২৫ মার্চ ২০২১, ব্যাংকক

আজ ২৫ শে মার্চ ২০২১ পূর্বাঙ্কে বাংলাদেশ দূতাবাস ব্যাংকক কর্তৃক যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে গণহত্যা দিবস পালিত হয়। অনুষ্ঠানের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গ এবং ২৫ মার্চের কালরাতে গণহত্যার শিকার ও মহান স্বাধীনতাযুদ্ধে আত্মদানকারী সকল শহীদের জন্য বিশেষ মোনাজাত/প্রার্থনা করা হয় এবং এক মিনিট দাঁড়িয়ে নিরবতা পালন করে তাঁদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

অনুষ্ঠানে থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত মোঃ আব্দুল হাই তাঁর বক্তব্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ জাতীয় সংসদ ও মন্ত্রিপরিষদ কর্তৃক ২৫ মার্চকে জাতীয় ‘গণহত্যা দিবস’ হিসেবে স্বীকৃতি দানের ঘটনাকে ঐতিহাসিক বলে উল্লেখ করেন। তিনি বলেন ১৯৭১ সালের ২৫ মার্চ পাকিস্তানি হানাদার বাহিনী ঢাকাসহ সারা দেশে নিরীহ বাঙালি জনগোষ্ঠীর উপর ইতিহাসের নৃশংসতম হত্যাকাণ্ড পরিচালনা করে বাঙ্গালির মুক্তির আন্দোলনকে স্তব্ধ করে দিতে চেয়েছিল। তিনি এই গণহত্যাকে বিংশ শতাব্দীর নিকৃষ্টতম গণহত্যাসমূহের একটি হিসাবে উল্লেখ করেন এবং বলেন যে, ২৫শে মার্চ গণহত্যা দিবসের আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনের জন্য দূতাবাস কূটনৈতিক তৎপরতার অব্যাহত রাখবে। উল্লেখ্য যে, ৭১ এর গণহত্যাকে আন্তর্জাতিকীকরণের উদ্দেশ্যে কারিগরী সহযোগিতার লক্ষ্যে গত ৪ ডিসেম্বর ২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কস্বোডিয়া সফরকালে কস্বোডিয়ার গণহত্যা জাদুঘর ও বাংলাদেশে মুক্তিযুদ্ধ যাদুঘরের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। ‘গণহত্যা দিবস’ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত বাণীসমূহ পাঠ করে শোনান দূতাবাসের কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে ১৯৭১-এর গণহত্যার উপর নির্মিত ‘৭১’ র গণহত্যা ও বধ্যভূমি’ শীর্ষক একটি বিশেষ প্রমান্য চিত্র প্রদর্শন করা হয়।